# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
Website: www.bb.org.bd

**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**

**ডিএফআইএম সার্কুলার লেটার নং-৩১**

**তারিখ: ০৪ কার্তিক ১৪৩১ / ২০ অক্টোবর ২০২৪**

**ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।**

**প্রিয় মহোদয়,**

**সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের ঋণ পরিশোধ/সমন্বয় সহজীকরণ প্রসঙ্গে।**

সম্প্রতি দেশের কয়েকটি জেলার বিস্তীর্ণ অঞ্চল বন্যার কারণে প্লাবিত হয়েছে। এরূপ আকস্মিক বন্যার ফলে ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাগণের বিশেষত কৃষি এবং সিএমএসএমই খাতের ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণের নির্ধারিত সময়ে ঋণের কিস্তি পরিশোধ/ঋণ সমন্বয় করা দুরূহ হবে মর্মে পরিলক্ষিত হচ্ছে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, বন্যায় ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের ঋণ পরিশোধ/সমন্বয় সহজীকরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক চিহ্নিত বন্যা কবলিত অঞ্চলসমূহের ০১ আগস্ট ২০২৪ তারিখে বিদ্যমান সিএমএসএমই ও কৃষি খাতের অশ্রেণিকৃত ঋণের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবে:

(ক) কৃষি এবং সিএমএসএমই খাতের ঋণগ্রহীতাগণের আগস্ট ২০২৪ হতে অক্টোবর ২০২৪ মাসের মধ্যে প্রদেয় ঋণের কিস্তিসমূহ সংশ্লিষ্ট ঋণের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০৩(তিন) মাসের মধ্যে পরিশোধ করতে হবে। এছাড়াও আগস্ট ২০২৪ হতে অক্টোবর ২০২৪ মাসের মধ্যে সমন্বয়যোগ্য ঋণের সমন্বয়ের মেয়াদ ০৩(তিন) মাস বৃদ্ধি করতে হবে। তবে, গ্রাহকগণ প্রকৃতই বন্যায় ক্ষতিগ্রস্ত কি-না তা ফাইন্যান্স কোম্পানিসমূহ স্বীয় উদ্যোগে নিশ্চিত হবে;

(খ) অনুচ্ছেদ ০২(ক) এ উল্লিখিত সুবিধাদি কোনো গ্রাহক গ্রহণ করতে সম্মত না হলে পূর্ব নির্ধারিত পরিশোধসূচী অনুযায়ী ঋণের কিস্তি পরিশোধ/ ঋণ সমন্বয় করা যাবে; এবং

(গ) বিলম্বে পরিশোধিত অর্থের উপর নিয়মিত সুদ ব্যতীত অন্য কোনো প্রকার দন্ড সুদ/অতিরিক্ত সুদ/অতিরিক্ত মুনাফা/বিলম্ব ফি/জরিমানা (যে নামেই অভিহিত করা হোক না কেন) আদায়/আরোপ করা যাবে না।

০৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

**(রনজিৎ কুমার রায়)**
অতিরিক্ত পরিচালক, ডিএফআইএম
ফোনঃ ৯৫৩০২৪৯।